দৈনিক সংবাদ

১৭

তারিখ 11 NOV 1996
পৃষ্ঠা ১২ কলাম ১

অপসারণ করা হলে কেস করবো ঃ উপাচার্য

# শিক্ষক ধর্মঘট, পরীক্ষা বন্ধ, বুয়েটে অচলাবস্থা

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মোঃ শাহজাহানের অপসারণের দাবিতে শিক্ষক সমিতির অবিরাম কর্মবিরতির ফলে গতকাল (রোববার) স্নাতক পর্যায়ের রেজিস্ট্রেশন ও স্থাপত্য অনুষদের ৫ম বর্ষের পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

এদিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মোঃ শাহজাহান বলেছেন, যদি শিক্ষকদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে তাকে অপসারণ করা হয় তাহলে তিনি অবশ্যই সরকারের বিরুদ্ধে মামলা করবেন।

বুয়েট কর্তৃপক্ষ ১০-১৪ই নভেম্বরের মধ্যে স্নাতক পর্যায়ের সকল বর্ষের রেজিস্ট্রেশন এবং ১৭ই নভেম্বর হতে ক্লাস শুরুর সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু টার্ম ফাইনাল, পরীক্ষার ফলাফল এখনও প্রকাশিত হয়নি। শিক্ষকদের কর্মবিরতির ফলে হল পর্যায়ে সকল ধরনের কার্যক্রম বন্ধ হয়ে গেছে। ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীসহ কোন ছাত্রছাত্রী হল, অফিস থেকে রেজিস্ট্রেশন কার্য সংগ্রহ করতে পারেনি।

এ ব্যাপারে উপাচার্য প্রফেসর মোঃ শাহজাহানের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, স্নাতক পর্যায়ের ক্লাস ১৭ই নভেম্বর হতে শুরু হওয়ার জন্য কর্তৃপক্ষের নির্দেশ বহাল আছে। তবে অনিবার্যকারণ-বশত ক্লাস বিলম্বে শুরু হতে পারে। এছাড়া তিনি আরও বলেন, শিক্ষক সমিতির আন্দোলন সম্পূর্ণ অযৌক্তিক এবং ষড়যন্ত্রমূলক। যদি শিক্ষক সমিতির এই আন্দোলনের পরিপ্রেক্ষিতে তাকে অপসারণ করা হয় তবে তিনি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। প্রয়োজনে সরকারের বিরুদ্ধে কেস করবেন।

DOCUMENTATION AND STATISTIC